

RE: ইতালীতে বাংলাদেশী নাগরিকের কর্ম বাজার পুন: উন্মুক্ত করনে আপনার ভূমিকার জন্য প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন

From ASSOCIAZIONE ITALBANGLA <italbangla1@hotmail.com>

Date Sun 06/13/21 1:00 PM

To BD PROBASHI Minister for Expatriates <minister@probashi.gov.bd>; imran.ahmed.48@gmail.com <imran.ahmed.48@gmail.com>

Bcc ps2minister@probashi.gov.bd <ps2minister@probashi.gov.bd>; secretary@probashi.gov.bd <secretary@probashi.gov.bd>; info@italbangla.net <info@italbangla.net>; SECRETAR Y. - MOF <secretary@mof.gov.bd>; রোম বাংলাদেশ দুতাবাস Embassy <embangrm@mclink.it>; Embassy of Bangladesh, Rome <bdembassyrome@gmail.com>; welfare wing <welfare.rome@gmail.com>

মাননীয় মন্ত্রী মহোদয়,
ইমরান আহমেদ, এমপি
বৈদেশিক কর্মসংস্থান ও প্রবাসী কল্যান মন্ত্রনালয়
গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা - বাংলাদেশ

আসসালামুয়ালাইকুম।

২০১৯ সালে জুলাই মাসে আপনার অফিসে সৌজন্য সাক্ষাৎ, ইতালীর শ্রমশীতি নিয়ে আলোচনা, ইতাল বাংলা সমিতির পক্ষ হতে ইতালীতে শ্রমিক শ্রোত ধারা সংক্রান্ত সরকারী নীতিতে বাংলাদেশের অন্তর্ভুক্তিকরন নভুক্ত করন, ২০১২ সাল হতে বিগত দিনের কার্জক্রম সংক্রান্ত তথ্য উপাত্ত প্রেরন, পরবর্তীতে ২০২০ সালে ফেব্রুয়ারী মাসে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রীর ইতালী সফর, ইতালীর প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ, এবং বাংলাদেশ ও ইতালী সরকারের মধ্যে ইমিগ্রেশন বিষয়ক দ্বিপাক্ষিক সমঝোতা স্বারক স্বাক্ষর ও সেই সাথে ২০২০ সালে ইতালীতে শ্রমিক শ্রোত ধারা সংক্রান্ত সরকারী নীতি FLUSSI IMMIGRAZIONE বাংলাদেশী নাগরিকদের ইতালীতে দীর্ঘ আট বছর পরে বাংলাদেশী শ্রমিকদের ইতালীতে আসার পথ উন্মুক্ত করনে আপনার মন্ত্রনালয়ের ও বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐতিহাসিক ভূমিকার জন্য আমরা ইতালী প্রবাসীরা বিশেষ করে ইতালীতে ১৯৯২ সাল হতে বাংলাদেশ কমিউনিটর সেবায় নিয়োজিত ইতাল বাংলা সমিতির পক্ষ হতে আপনার প্রতি ও বাংলাদেশ সরকারের প্রতি জানাচ্ছি গভীর কৃতজ্ঞতা।

মাননীয় মন্ত্রী মহোদয়,

বর্তমান করোনা ভাইরাসের মহামারীর কারণে গত ২০২০ সালে ইতালীর শ্রমবাজার সংকুচিত ছিল। যে কারণে ২০২০ সালে ইতালীর সরকার সীমিত আকারে শ্রমিক আমদানীর জন্য সরকারী প্রজ্ঞাপন জারী করলেও বাস্তবিক ভাবে তা খুব একটা ফল প্রসূ হয় নাই। বর্তমানে ইতালীর করোনা ভাইরাসের পরিস্থিতির যথেষ্ট নিয়ন্ত্রিত ও সকল কার্জক্রম স্বাভাবিক হয়ে আসছে ফলে আশা করা যায় ২০২১ সালে ইতালীতে শ্রমবাজারে ব্যাপক শ্রমিকের ঘাটতি হতে পারে। সুতরাং আমরা মনে করি এখন হতে আবার ইতালীতে শ্রমিক প্রেরন সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ সরকারের বিশেষ গুরুত্ব প্রদান করা উচিত।

ইতালীতে যে সকল সেক্টরে অদক্ষ শ্রমিকদের কর্মসংস্থান হতে পারে তার মধ্যে অন্যতম প্রধান সেক্টর হচ্ছে কৃষি, টুরিজম, কনস্ট্রাকশন ও ডোমেস্টিক কাজের শ্রমিক। এ ছাড়াও বিভিন্ন পেশায় দক্ষ শ্রমিকের বিশাল চাহিদা আছে যার মূল প্রতিবন্ধকতা হচ্ছে ভাষা। বাংলাদেশ হতে শ্রমিকদের ইতালীয়ান ভাষা প্রশিক্ষন প্রদান করা গেলে ব্যাপক হারে শ্রমিক ইতালীতে প্রেরন সহজতর হতে পারে।

বিষয়টি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এ জন্য যে এখন হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা গেলে আশা করা যায় এ বছর হতে ব্যাপক হারে বাংলাদেশী শ্রমিক ইতালীতে মাইগ্রেশন ও কর্মসংস্থান করতে সক্ষম হবে।

এবিষয়ে বিস্তারিত তথ্য ইতালীর শ্রম মন্ত্রনালয়ের ওয়েব সাইটে নিম্নে প্রদত্ত লিঙ্কে দেয়া আছে।

<https://www.lavoro.gov.it/temi-e-priorita/immigrazione/focus-on/ingresso-e-soggiorno-per-lavoro-in-italia/Pagine/Ingresso-e-soggiorno-per-lavoro-in-Italia.aspx>

বাংলাদেশ সরকারের বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রনালয়ের ইতালীতে যে কোন বিষয়ে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা, ভাষাগত অনুবাদ ও যে কোন ধরনের সহযোগীতা করতে আমরা সর্বদা প্রস্তুত আছি।

আপনার সুস্বাস্থ্য কামনা করছি।

শাহ মো: তাইফুর রহমান ছোটন
প্রতিষ্ঠাতা ও সভাপতি
ইতাল বাংলা সমন্বয় ও উন্নয়ন সমিতি
রোম - ইতালী

Mohammed Taifur Rahman Shah
President



ASSOCIAZIONE COORDINAMENTO ITALBANGLA E SVILUPPO

Tel . +39 3274953442

Sede legale : Via Francesco Baracca 33, 00177 Roma

Email : info@italbanga.net

Pec : italbanga-pec@legalmail.it

www.italbanga.net

C.F. 16149101004

Iscrizione CCIAA-RM-1637665

IBAN: IT47Z03268223000VR000048486

BIC/Swift: SELBIT2BXXX

Banca: Banca Sella

Identificativo causale: 81388720 *Obbligatorio

In Roma i Nostri uffici :

RM1 - Pineto

PINETTO - RM 1
Via Visconte Maggiolo 29/31, 00176 Roma
Tel. +39 351 047 0750
Email : italbanga.torpignattara@gmail.com

RM2-Torpignattara

TORPIGNATTARA - RM 2
Via Francesco Baracca 33, 29/31, 00176 Roma
Tel. +39 327 226 4984
Email : rm2.italbanga@gmail.com

RM3 - Monteverde

MONTEVERDE - RM 3
Circo.ne Giamicolense 109/C, 00152 Roma
Tel. +39 329 765 5370
Email : italbanga.monteverde@gmail.com

 [italbanga shomity https://www.facebook.com/italbanga.banga](https://www.facebook.com/italbanga.banga) www.italbanga.net